# তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপনে বন অধিদপ্তরের গৃহীত কর্মসূচি

**তারুণ্যের উৎসব-২০২৫**

**এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই**

**বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল) এর সহযোগিতায় তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষ্যে প্রণয়নকৃত কর্মসূচির মধ্যে বন অধিদপ্তরের কার্যক্রমসমূহঃ**

**ক. কর্মসূচিসমূহ:**

- স্থানীয় প্রশাসন, পরিবেশ অধিদপ্তর ও বন অধিদপ্তরের স্থানীয় দপ্তরের সহায়তায় খেলার মাঠের অথবা স্টেডিয়ামের আশেপাশের এলাকায় ব্যক্তি উদ্যোগে বনায়ন কর্মকান্ড তথা বৃক্ষরোপন কর্মকান্ডকে উৎসাহিত (Promote) করা;
- ফাস্ট ফুড, কফি শপ, খাবার ইত্যাদির দোকানে সিংগেল ইউজ প্লাস্টিকের ব্যবহার পরিহার করে পুন:ব্যবহারযোগ্য (Re-usable) উপকরণ ব্যবহার করার জন্য উৎসাহ প্রদান করা;
- সকল প্রকার খাবারজাত ওয়েষ্ট ম্যাটারিয়েল সংগ্রহের জন্য স্থানীয় প্রশাসনের তত্ত্বাবধানে স্কুল কলেজের ছাত্র-ছাত্রী, রোভার-স্কাউট ও স্থানীয় যুব সমাজের সমন্বয়ে "জিরো ওয়েষ্ট ব্রিগেড" গঠন করার কার্যক্রম গ্রহণ করা;
- খেলা দেখতে আসা বিভিন্ন দর্শকের সরকারী গাড়ি ও ব্যক্তিগত গাড়ির (Private Car) মালিক ও চালককে উচ্চ স্বরে গাড়ির হর্ণ বাজানো থেকে বিরত রাখা;
- খেলা আয়োজনে ব্যবহৃত উপকরণে প্লাস্টিক/ পলিথিন পরিহার করতে হবে;
- বর্জ ব্যবস্থাপনায় ও পরিবেশের উন্নয়নে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ ব্যক্তি বা প্রতিষ্ঠানকে zero- Waste champion সম্মাননা প্রদান;
- খেলা চলাকালীন গ্যালারীতে স্থাপিত বড় স্ক্রিনে দূষণ বিরোধী সচেতনতামূলক ভিডিও ক্লিপ, বন, বন্য প্রাণি ও জীববৈচিত্র্য সংরক্ষণ বিষয়ক ভিডিও ক্লিপ কিংবা স্পট মেসেজ প্রচারের ব্যবস্থা করা; এবং
- Save Tigers, Save Sundarban কিংবা Save Elephants from Extinction ইত্যাদি থিমের উপর ভিত্তি করে কর্ণার স্থাপন করা।